




চাঁদাবাজি-দখলবাজির কবর রচনা করবে বিরোধী দল: জামায়াত আমির



বিরোধীদলীয় নেতা শফিকুর রহমান। ছবি: সংগৃহীত

দেশের বিভিন্ন স্থানে চাঁদাবাজি ও দখলবাজির প্রতিযোগিতা চলছে বলে অভিযোগ করেছেন বিরোধীদলীয় নেতা শফিকুর রহমান। তিনি বলেন, এসব কর্মকাণ্ডের বিরুদ্ধে অবস্থান নিয়ে দেশে চাঁদাবাজির কবর রচনা করবে বিরোধী দল।

সোমবার (১৪ সেপ্টেম্বর) বিকেলে রাজধানীর মিরপুরে দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের মধ্যে বিশেষ অনুদান ও চেক হস্তান্তর অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন।

শফিকুর রহমান বলেন, সঠিক নেতৃত্বের অভাবে অতীতে দেশের কাক্ষিত উন্নয়ন সম্ভব হয়নি। শিক্ষাপ্রতিষ্ঠানগুলোতে শিক্ষার সুষ্ঠু পরিবেশ ফিরিয়ে আনার ওপরও গুরুত্ব দেন তিনি।

শিক্ষার্থীদের মেধা বিকাশে সরকারকে আরও কার্যকর উদ্যোগ নেওয়ার আহ্বান জানান বিরোধীদলীয় নেতা।

LENS ASIA